3 0 JAN 1988
তারিখ...
পৃষ্ঠা... 6 কলাম 3 ...

দৈনিক ইনকিলাব C36

## শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি আবেদন

ঢাকা বোর্ড কর্তৃপক্ষ দৈনিক 'ইনকিলাব' পত্রিকার মাধ্যমে ১৯৮৮ সালের অনুষ্ঠিতব্য পরীক্ষার পাঠ্যসূচী নির্ধারণ করেছেন। লিখেছেন, "১৯৮৭ সাল বা তৎপূর্বে অকৃতকার্য পরীক্ষার্থীদেরকে ইংরেজী বিষয়ে ১৯৮৭ সালের পাঠ্যসূচী এবং অন্যান্য সকল বিষয় ১৯৮৮ সালের পাঠ্যসূচী অনুযায়ী অংশগ্রহণ করিতে হইবে।" কিন্তু বোর্ড কর্তৃপক্ষ কি অনুসন্ধান করে দেখেছেন, এইচ, এস, সি পরীক্ষার্থীর অধিকাংশই অকৃতকার্য হয়েছে বাংলা এবং ইংরেজী বিষয়ে ? '৮৬ ইং পাঠ্যসূচীর পরীক্ষার্থীর পক্ষে এই অল্প সময়ে কি করে বাংলা এবং ইংরেজী আয়ত্ত করে আসন্ন ১৯৮৮ সালের পরীক্ষায় অংশ গ্রহণ সম্ভব। বর্তমান পাঠ্যসূচী '৮৬ সালের অকৃতকার্য পরীক্ষার্থীদেরকে হতাশ করেছে।

এমতাবস্থায় শিক্ষামন্ত্রণালয়ের সম্মানীত উর্ধতন কর্মকর্তাদের কাছে আমার আবেদন এই যে, ঘটনাপ্রবাহ বিবেচনা করে ১৯৮৮ সালের অনুষ্ঠিতব্য এইচ,এস,সি পরীক্ষায় '৮৬সালের অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য শুধুমাত্র বাংলা এবং ইংরেজী বিষয় ১৯৮৬ সালের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা দেয়ার সুযোগদানে বাধিত করিবেন।

সঞ্জয় কুমার দাস
পশ্চিম তেজতুরী বাজার,
ঢাকা।